# Bangladesh National Commission for UNESCO (BNCU)

Tel : +880-2-8627969, +880-2-9675002
Fax : +880-2-8613420, +880-2-9662007
Web : www.bncu.gov.bd

Secondaryand Higher Secondary Division
Ministry of Education
1, Zahir Raihan Road, Palassy-Nilkhet, Dhaka-1205


তারিখঃ ২৪ জানুয়ারি ২০২২

## প্রতিবেদন




আন্তর্জাতিক শিক্ষা দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর উদ্যোগে ভার্চুয়াল মাধ্যমে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য ছিল "Changing Course, transforming education" তথা পরিবর্তনশীল গতিপথ, রূপান্তরিত শিক্ষা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি. । গুণগত মানসম্মত শিক্ষার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, "করোনার কারনে আমাদের শিক্ষা ব্যবস্থা এক অসামান্য চ্যালেঞ্জের মুখোমুখি এবং আমরা সকলেই সর্বোতভাবে এই চ্যালেঞ্জ মোকাবেলায় কাজ করছি।এ ছাড়াও শিক্ষা আইন চূড়ান্তকরণের বিষয়েও তিনি মন্তব্য করেন।




মাননীয় মন্ত্রী বলেন, ক্রমবর্ধমান ওমিক্রন সংকটের প্রেক্ষিতে আমরা বাধ্য হয়েছি আবার স্কুল-কলেজ সাময়িকভাবে বন্ধ করে দিতে। শিক্ষার্থীদের স্বাস্থ্য-সুরক্ষার বিষয়টি সর্বাধিক গুরুত্বপূর্ণ। পরিস্থিতি বিবেচনায় আমরা এই সিদ্ধান্ত নিয়েছি। আমরা এই বিষয়টি সার্বক্ষণিক নজরদারিতে রাখছি। আশা করছি আপনারা সবাই এই নতুন সংকটের মোকাবেলায় আমাদের সাথে থাকবেন”।




দিবসটি পালন উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) আয়োজিত এ অনুষ্ঠানে প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাকির হোসেন, মাননীয় শিক্ষা উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী বিশেষ অতিথি হিসেবে সংযুক্ত ছিলেন।

Tel : +880-2-8627969, +880-2-9675002
Fax : +880-2-8613420, +880-2-9662007
Web : www.bncu.gov.bd

Secondaryand Higher Secondary Division
Ministry of Education
1, Zahir Raihan Road, Palassy-Nilkhet, Dhaka-1205

বিশিষ্ট সাংবাদিক ও শিক্ষাবিদ জনাব আবুল মোমেন অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন।



মূল প্রবন্ধের উপর আলোচনা উপস্থাপন করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সম্মানিত সচিব গোলাম মোঃ হাসিবুল আলম।

বাংলাদেশে ইউনেস্কোর প্রতিনিধি মিজ বিয়াট্রিস কালদুন অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে যুক্ত ছিলেন। বিএনসিইউ এর ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খান স্বাগত বক্তব্য বক্তব্য প্রদান করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব ও বিএনসিইউ’র মহাসচিব জনাব আবু বকর ছিদ্দীক আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।



জনাব মোঃ জাকির হোসেন, এম.পি. প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে বলেন, “বৈশ্বিক প্রেক্ষাপট আর দেশীয় পরিস্থিতি দুটোকেই সমান গুরুত্ব দিয়ে জাতিসংঘের সাধারণ অধিবেশনের সর্বজনীন সিদ্ধান্তের আলোকে ৪র্থ আন্তর্জাতিক শিক্ষা দিবস তথা International Day of Education উদযাপনের বিষয়টি নির্ধারিত হয়েছে। শিক্ষা সংশ্লিষ্ট সকলকে স্মরণ করিয়ে দিতে চাই আমাদের মিশন হচ্ছে ‘সবার জন্য মানসম্মত শিক্ষা’ আর সেই সাথে আমাদের অন্যতম কৌশলগত উদ্দেশ্য হলো শিক্ষাক্ষেত্রে জেন্ডার বৈষম্য দূর করা, শিশু, প্রতিবন্ধী ও জেন্ডার সংবেদনশীল এবং নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর শিখন পরিবেশ সম্বলিত শিক্ষা অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন”।



মাননীয় শিক্ষা উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী বলেন, “শান্তি ও উন্নয়নে শিক্ষা-এই মূলমন্ত্রকে সাথে নিয়ে টেকসই উন্নয়ন নিশ্চিতকরণসহ জীবনের সকল পর্যায়ে শিক্ষার গুরুত্ব অনুধাবনপূর্বক এবছর ২৪ জানুয়ারী ৪র্থ বারের মত ‘আন্তর্জাতিক শিক্ষা দিবস’ হিসেবে বিশ্বব্যপী পালিত হচ্ছে। করোনা পরতিস্থিতিতে উদ্ভুত এই সংকট শুধু বাংলাদেশ নয়, পুরো বৈশ্বিক প্রেক্ষাপটে ভাবনার খোরাক জুগিয়েছে। কেবল করোনা ভাইরাসজনিত সংকট মোকাবেলা নয়, বরং ভবিষ্যতে এধরণের সম্ভাব্য প্রাকৃতিক, রাজনৈতিক বা মানবসৃষ্ট অন্য যে কোন বিপর্যয়ের মুখে শিশুর শিক্ষা ও শিখন কার্যক্রম যাতে নিরুপদ্রব রাখা যায় সে বিষয়ে ভাবার ও কার্যকরী উপায় উদ্ভাবনের এখনই সময়”।



Tel : +880-2-8627969, +880-2-9675002
Fax : +880-2-8613420, +880-2-9662007
Web : www.bncu.gov.bd

Secondaryand Higher Secondary Division
Ministry of Education
1, Zahir Raihan Road, Palassy-Nilkhet, Dhaka-1205


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্মানিত সচিব ও বিএনসিইউ'র মহাসচিব জনাব আবু বকর ছিদ্দীক সভাপতির বক্তব্যে সকলকে এই সংকট উত্তরণে একযোগে কাজ করতে আহ্বান জানান।



